For details of the share capital and capital structure of our Company and the names of the signatories to the Memorandum of Association and the number of shares subscribed by them of our Company, see "Capital Structure" beginning on page 83 of the Draft Red Herring Prospectus. The liability of the members of our Company is limited. For details of the main objects of our Company as contained in our Memorandum of Association, see "Our History and Certain Other Corporate Matters " beginning on page 193 of the Draft Red Herring Prospectus.

BOOK RUNNING LEAD MANAGER	REGISTRAR TO THE ISSUE	COMPANY SECRETARY AND COMPLIANCE OFFICER
FINTELLECTUAL CORPORATE ADVISORS **FINTELLECTUAL CORPORATE ADVISORS PRIVATE LIMITED** **SEBI Registration No.:** INM000012944 **Address:** B-20, Second Floor, Sector- 1, Noida, Gautam Buddha Nagar, Uttar Pradesh- 201301 **Telephone No:** +91-120-4266080 **Website:** www.fintellectualadvisors.com **Email ID:** ipo@fintellectualadvisors.com Contact Person: Mr. Amit Puri/ Mr. Pramod Negi	Skyline Financial Services Pvt. Ltd. **SKYLINE FINANCIAL SERVICES PRIVATE LIMITED** **SEBI Registration No.:** INR000003241 **Address:** D-153A, 1st Floor, Okhla Industrial Area Phase-I, New Delhi - 110020, India **Telephone No:** 011-40450193-197 **Email:** ipo@skylinerta.com **Website:** https://www.skylinerta.com/ **Contact Person:** Mr. Anuj Rana	**Ms. Rajwinder Kaur** **Address:** Amloh Road, Village Salani, Mandi Gobindgarh, Salana, Fatehgarh Sahib, Amloh (P), Punjab, India, 147301 **Tel.:** +91 9914209919; **E-mail:** compliance@rpmultimetals.in **Website:** https://rpmultimetals.in/ *Investors can contact our Company Secretary and Compliance Officer, the Lead Managers or the Registrar to the Issue, in case of any pre-issue or post-issue related problems, such as non-receipt of letters of allotment, non-credit of allotted Equity Shares in the respective beneficiary account, non-receipt of refund orders and non-receipt of funds by electronic mode etc.*

All capitalized terms used herein and not specifically defined shall have the same meaning as ascribed to them in the DRHP.

For R. P. Multimetals Limited
On Behalf of the Board of Directors
Sd/-
Ms. Rajwinder Kaur
Company Secretary and Compliance Officer

Place: Mandi Gobindgarh, Punjab
Date: July 11, 2025

Disclaimer: R. P. Multimetals Limited is proposing, subject to applicable statutory and regulatory requirements, receipt of requisite approvals, market conditions and other considerations, to make an initial public offer of its Equity Shares and has filed the Draft Red Herring Prospectus on July 11, 2025. The Draft Red Herring Prospectus is available on the website of BSE SME at https://www.bsesme.com/PublicIssues/SMEIPODRHP.aspx and is available on the websites of the BRLM at www.fintellectualadvisors.com and also on the website of the Company https://rpmultimetals.in/. Any potential investors should note that Investments in Equity and Equity related securities involve a degree of risk and investors should not invest any funds in this issue unless they can afford to take the risk of losing their entire investment. Investors are advised to read the risk factors carefully before taking an investment decision in the Issue. For taking an investment decision, investors must rely on their own examination of our Company and the Issue including the risks involved. The Equity Shares issued in the Issue have not been recommended or approved by the Securities and Exchange Board of India ("SEBI"), nor does SEBI guarantee the accuracy or adequacy of the Draft Red Herring Prospectus. Specific attention of the investors is invited to the section "Risk Factors" beginning on page 29 of this Draft Red Herring Prospectus.

The Equity Shares have not been and will not be registered under the U.S Securities Act of 1933, as amended (U.S. Securities Act) or any state securities laws in the United States and may not be offered or sold within the United States or to, or for the account or benefit of, U.S Persons (as defined in Regulation), except pursuant to exemption from, or in a transaction not subject to, the registration requirements of the U.S. Securities laws. Accordingly, the Equity Shares are being offered and sold only outside the United States in offshore transaction in reliance on Regulation S under the U.S Securities Act and the applicable laws of the jurisdiction where those offers and sale occur. The Equity Shares have not been and will not be registered, listed or otherwise qualified in any other jurisdiction outside India and may not be offered or sold, and application may not be made by persons in any such jurisdiction, except in compliance with the applicable laws of such jurisdiction.

Muthoot Finance

SPECIAL WINDOW FOR RE-LODGEMENT OF TRANSFER REQUESTS OF PHYSICAL SHARES

Pursuant to the SEBI Circular No. SEBI/HO/MIRSD/MIRSD-PoD/CIR/2025/97, dated July 02, 2025, the Company is pleased to offer a one-time special window for physical shareholders to submit re-lodgement requests for the transfer of shares.

This Special window is open from July 07, 2025 to January 06, 2026 and is applicable to cases where original share transfer requests were lodged prior to April 01, 2019 and rejected/returned/not attended due to deficiency in the documents/process/or otherwise.

Eligible shareholders may submit their transfer requests along with the requisite documents to the Company's Registrar and Share Transfer Agent (RTA) at MUFG Intime India Private Limited, Surya 35, Mayflower Avenue, Behind Senthil Nagar, Sowripalayam Road, Coimbatore, Tamil Nadu – 641025 (Tel: (91 422) – 2314792, 2315792).

UPDATE KYC AND CONVERT PHYSICAL SHARES INTO DEMAT MODE

The shareholders who are holding shares in physical form are requested to update their KYC to credit unclaimed dividends to their bank account through electronic mode and also requested to convert their physical Share Certificates in to dematerialized form (electronic form). The shareholders are also requested to claim their unclaimed dividend amounts, otherwise the same will be transferred to Investor Education and Protection Fund (IEPF) after expiry of seven years along with the Shares there on.

For Muthoot Finance Limited
Sd/-
Rajesh A
Company Secretary

Place : Kochi
Date : 14.07.2025

Muthoot Finance Limited
Registered Office: Muthoot Finance Limited, NH Bypass, Palarivattom, Kochi-682 028, Kerala, India.
CIN:L65910KL1997PLC011300, Ph.No. 0484 2396478, 2394712, Fax No. 0484 2396506, 2397399.
Website: www.muthootfinance.com, Email: cs@muthootgroup.com.

A Muthoot M George Enterprise

‘শুভারম্ভ’! বাঙালির হাত ধরে ওয়ার্ল্ড হেরিটেজ শিবাজির কেল্লা

কুবলয় বন্দ্যোপাধ্যায়

‘জয় ভবানী’, ‘জয় শিবাজি মহারাজ’ — প্রায় সাড়ে তিনশো বছর ফের এমন হুঙ্কার মহারাষ্ট্রের শিবনেরি, রায়গড়, লোহগড়, পানহালা, সিন্ধুদুর্গ, বিজয়দুর্গ এবং সুবর্ণদুর্গে। ১৮ মাসের অক্লান্ত পরিশ্রমের ফল পেলেন আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার মহারাষ্ট্র সার্কলের প্রত্নতত্ত্ববিদ ও কর্মীরা। প্যারিসে ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির ৪৭তম অধিবেশনে ‘ওয়ার্ল্ড হেরিটেজ’ তকমা পেল ‘মারাঠা মিলিটারি ল্যান্ডস্কেপ’। তালিকায় ছিল শিবাজির ১২টি দুর্গ। এদের মধ্যে ১১টি দুর্গ মহারাষ্ট্রে এবং একটি তামিলনাড়ুতে। মহারাষ্ট্রে যে ১১টি দুর্গ এই তকমা পেয়েছে, তাদের মধ্যে সাতটি দুর্গ রক্ষণাবেক্ষণের ভার ছিল আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া-র (এএসআই) উপর। এই দলেরই নেতৃত্বে ছিলেন বাঙালি প্রত্নতত্ত্ববিদ শুভ মজুমদার। কয়েক বছর আগে তাঁর নেতৃত্বেই রক্ষণাবেক্ষণ চলেছিল বিশ্বভারতীর। ২০২৩-এ বিশ্বভারতীও ‘ওয়ার্ল্ড হেরিটেজ’ তকমা পায়। দু’বছরের মধ্যে ফের তাঁর নেতৃত্বে কাজ চালিয়েই এমন আন্তর্জাতিক স্বীকৃতী দেশের অন্য প্রান্তে।

এ ভাবেই রক্ষণাবেক্ষণের কাজ হয়েছিল শিবাজির এক কেল্লায়

বাঙালি প্রত্নতত্ত্ববিদের নেতৃত্বে রক্ষণাবেক্ষণের কাজ সম্পূর্ণ করার পর মহারাষ্ট্রের ১২টি কেল্লা যে ইউনেস্কোর দরবারে পৌঁছে গিয়েছিল — সে খবর গত বছর ২৪ অগস্ট প্রথম প্রকাশিত হয় এই সময় সংবাদপত্রেই। তার বছর ঘোরার আগেই ‘শুভ’ সংবাদ এল প্যারিস থেকে। শুভ মজুমদারের কানে যখন খবরটা আসে, তখন তিনি অবশ্য আর মহারাষ্ট্রে নেই — গুজরাটে হরপ্পা সভ্যতার সমসাময়িক একটি প্রত্নক্ষেত্রে কাজ করছেন। টানা ১৮ মাস কঠিন পরিশ্রম সফল হওয়ায় শুভ ‘এই সময়’-কে বলেন, ‘ওই সাতটা কেল্লার মধ্যে শিবাজির জন্মস্থান শিবনেরি, রায়গড়, লোহগড় এবং পানহালা কেল্লা হলো ‘হিল ফোর্ট’ বা পার্বত্য কেল্লা। সিন্ধুদুর্গ, বিজয়দুর্গ ও সুবর্ণদুর্গ হলো ‘সি ফোর্ট’ বা সমুদ্রের উপর তৈরি কেল্লা। রক্ষণাবেক্ষণের কাজ বেশ কঠিন ছিল। কিন্তু কর্মীদের দেখেছি ‘জয় ভবানী’ এবং ‘জয় শিবাজি মহারাজ’ ধ্বনি আলাদা উৎসাহ দেয়।’

প্রায় সাড়ে তিনশো বছরের পুরোনো ওই কেল্লাগুলো মেরামতির জন্য পাহাড় ভাঙা বা সমুদ্র পাড়ির অভিজ্ঞতার পাশাপাশি শুভ বলেন, ‘পার্বত্য এলাকায় নানা জন্তুর আনাগোনা। আমাদের ক্লোজ়-সার্কিট ক্যামেরায় ধরা পড়েছিল গভীর রাতে সাইটে লেপার্ড ঢোকার ছবি।’ এমন অ্যাডভেঞ্চার-পূর্ণ রক্ষণাবেক্ষণই প্যারিসে ৫৯ মিনিট আলোচনার পরে সাফল্যের মুখ দেখল। মহারাষ্ট্রে তিনি ‘জাতীয় বীর’ হিসেবে গণ্য হলেও শিবাজির প্রতি বাঙালির দুর্বলতা নতুন নয়। ইতিহাসবিদ যদুনাথ সরকারের গবেষণা থেকে শুরু করে শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের একাধিক উপন্যাস ও গল্প এবং রমেশচন্দ্র দত্তর ‘মহারাষ্ট্র জীবন কথা’ তারই প্রমাণ। এ বার ইতিহাস ও সাহিত্যের গণ্ডী ছাড়িয়ে প্রত্নতত্ত্বের দুনিয়ায় শিবাজির সঙ্গে নিজের পরিচয় রাখলেন আরও এক বাঙালি — শুভ মজুমদার।

বাঙালি নিগ্রহ, পথে মমতা

▶ প্রথম পাতার পর

জনসভা করতে চলেছেন নরেন্দ্র মোদী। পশ্চিমবঙ্গের বাঙালিরা যাতে আগামী ভোটে গেরুয়া শিবিরকে সমর্থন করেন, সে কথা মাথায় রেখে মোদী, অমিত শাহদের মতো বিজেপির কেন্দ্রীয় নেতৃত্বকে ঘনঘন বাংলায় নিয়ে আসার পরিকল্পনা রয়েছে পদ্ম শিবিরের। কিন্তু সেই বাঙালিকেই যে বিজেপি শাসিত একের পর এক রাজ্যে প্রতিদিন বাংলাদেশি অথবা বিদেশি হিসেবে চিহ্নিত করে হেনস্থা করা হচ্ছে, তা গোটা দেশের সামনে তুলে ধরতে মোদীর সফরের আগেই তোড়জোড় শুরু করেছে জোড়াফুল। অবশ্য শুধু তৃণমূল নয়, বাঙালি-হেনস্থা ইস্যুতে কেন্দ্রের উপরে চাপ বাড়াতে চাইছে কংগ্রেসও। দলের ওয়ার্কিং কমিটির সদস্য অধীর চৌধুরী ওড়িশা, মহারাষ্ট্র, দিল্লি প্রভৃতি রাজ্যে বাঙালি পরিযায়ী শ্রমিকদের আটক, নিগ্রহ, হেনস্থার ঘটনা নিয়ে রবিবার রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে চিঠি দিয়ে তাঁর হস্তক্ষেপ চেয়েছেন। বাংলাদেশি সন্দেহে ভিন রাজ্যে কর্মরত লক্ষ লক্ষ বাঙালি ‘উইচ হান্টে’র শিকার হচ্ছেন বলেও পর্যবেক্ষণ অধীরের। নকশালপন্থী সংগঠন সিপিআইএমএল (লিবারেশন) আগামী ১৬ জুলাই কলকাতায় ওড়িশা ভবনের সামনে বাঙালি হেনস্থার ইস্যুতে প্রতিবাদ কর্মসূচিও করতে চলেছে।

এই রকম একটা আবহে তৃণমূল ভবনে রবিবার জরুরি সাংবাদিক বৈঠক করে দলের বর্ষীয়ান নেত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, ‘বিজেপি শাসিত রাজ্যে বাংলা ভাষায় কথা বলা এখন অপরাধ। বাংলা ভাষা, বাংলাভাষী, বাংলার মনীষীদের অপমান করা হচ্ছে। মমতা বন্দ্যোপাধ্যায় বারবার প্রতিবাদী হয়েছেন। তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে বারবার কথা বলেছেন। কলেজ স্কোয়ার থেকে ডোরিনা ক্রসিং পর্যন্ত প্রতিবাদের কণ্ঠস্বর নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় এই মিছিলকে নেতৃত্ব দেবেন।’ যদিও তৃণমূলনেত্রীর বিরুদ্ধেই বিদ্বেষ ছড়ানোর পাল্টা অভিযোগ তুলেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের বক্তব্য, ‘মমতা বন্দ্যোপাধ্যায় বাংলাদেশি অনুপ্রবেশকারীদের ঢোকানোর ফলেই ভারতীয় মুসলিম থেকে শুরু করে বাংলার হিন্দু পরিযায়ী শ্রমিকরা বিপদে পড়ছেন। উনিই এই ভয়ঙ্কর রাজনীতির সূচনা করেছেন। উনিই বিদ্বেষ ছড়াচ্ছেন। এর ফলে ভিন রাজ্য বাঙালিদের কেউ আর কাজে নিয়োগ করবে না।’

প্রতিদিন বাংলাদেশি হিসেবে চিহ্নিত করে হেনস্থা করা হচ্ছে, তা গোটা দেশের সামনে তুলে ধরতে মোদীর সফরের আগেই তোড়জোড় শুরু করেছে জোড়াফুল

ঘটনাচক্রে কোচবিহারের দিনহাটার উত্তম ব্রজবাসীর মতো ওই জেলার আরও এক বাঙালিকে অসম সরকার অনুপ্রবেশকারী হিসেবে চিহ্নিত করেছে বলে এ দিন নতুন অভিযোগ তুলেছে তৃণমূল। তিনি হলেন কোচবিহারের বক্সিরহাটের বাসিন্দা আরতি ঘোষ। আরতি অসমের এক বাসিন্দাকে (বাঙালি) বিয়ে করে অসমেই থাকছিলেন। পর্যাপ্ত নথি না-দেওয়ায় এনআরসি তালিকা থেকে তাঁর নাম বাদ পড়েছিল। তারপর থেকে আরতি অসম ছেড়ে কোচবিহারে বাপের বাড়িতে এসে থাকতে বাধ্য হচ্ছেন। এই প্রসঙ্গ তুলে এক্স হ্যান্ডলে তৃণমূলের রাজ্যসভার সাংসদ সামিরুল ইসলাম লিখেছেন, ‘আরতির মতো এক হিন্দু কন্যা কেন এই অপমানের মুখে পড়বেন? কেন বিজেপির বর্বর নীতির শিকার হবেন? অসমের কাউকে (বাঙালি) বাংলার কোনও মেয়ের বিয়ে করা কি অপরাধ?’ দিল্লির বসন্তকুঞ্জের জয়হিন্দ কলোনিতে উচ্ছেদের মুখে পড়া বাঙালিদের পাশে দাঁড়িয়েছেন সুখেন্দুশেখর রায়, সাগরিকা ঘোষ, সাকেত গোখলের মতো জোড়াফুল সাংসদরা। বাংলাদেশি সন্দেহে জয়হিন্দ কলোনির বাঙালি বাসিন্দাদের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা থেকে জল সরবরাহ বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠেছে। মোদী সরকারের উদ্দেশে সাগরিকা বলেন, ‘বাংলায় কথা বলার জন্য এই পরিযায়ী শ্রমিকদের বাংলাদেশি, বিদেশি, অবৈধ বাসিন্দা হিসেবে নিগ্রহ করা বন্ধ করুন।’

সমাবর্তন প্রাণী বিশ্ববিদ্যালয়ে

এই সময়: সাত বছর পর অবশেষে সমাবর্তন হতে চলেছে বেলগাছিয়ার রাজ্য প্রাণী ও মৎস্যবিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে। ৭ অগস্ট সম্ভাব্য দিনক্ষণ ঠিক হয়েছে। ১৮৯৪ সালে তৈরি হওয়া বেঙ্গল ভেটেরিনারি কলেজের এই ঐতিহ্যময় ক্যাম্পাসে শেষ বার সমাবর্তন হয়েছিল ২০১৮-য়। প্রাণিসম্পদ উন্নয়ন দপ্তরের অধীন এই বিশ্ববিদ্যালয়ে তাই ডিগ্রিপ্রাপক পড়ুয়াদের মধ্যে এখন ভালোই উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার পার্থ দাস জানান, আচার্য তথা রাজ্যপালের অফিসের সম্মতিক্রমে ১৩তম সমাবর্তন হচ্ছে ৭ অগস্ট।

উপাচার্য তীর্থকুমার দত্ত জানান, এখনও পর্যন্ত ঠিক হয়েছে, সমাবর্তন অনুষ্ঠানে রাজ্যপাল সিভি আনন্দ বোসই পৌরহিত্য করবেন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন এগ্রিকালাচারাল সায়েন্টিস্টস রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারম্যান সঞ্জয় সিং। প্রায় ১ হাজার ৩০০ পড়ুয়া ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাসব্যান্ড্রি, ডেয়ারি টেকনোলজি ও ফিশারি সায়েন্সে স্নাতক, স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রি এবং লাইফ সায়েন্সে পিএইচডি ডিগ্রি পাবেন বলেই জানান পরীক্ষা নিয়ামক সুপ্রতিম চৌধুরী। সমাবর্তন অনুষ্ঠানে বিভিন্ন বিষয়ে কৃতি পড়ুয়াদের হাতে মেডেল ও সার্টিফিকেট তুলে দেওয়া হবে।

জোড়াফুল নেতা খুন, নেপথ্যে রাজনীতি?

▶ প্রথম পাতার পর

বাড়ি থেকে প্রায় পাঁচশো মিটার দূরে রাস্তার ধারে পীযূষের গুলিবিদ্ধ দেহ পড়ে থাকতে দেখা যায়। পাশে পড়েছিল তাঁর বাইকটিও। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, দুষ্কৃতীরা খুব কাছ থেকে তাঁর মাথার পিছনে গুলি করে। পীযূষের কপাল ভেদ করে গুলি বেরিয়ে যায়। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।

পীযূষের স্ত্রী কৃষ্ণা রবিবার বলেন, ‘লোকে আপদে বিপদে পড়ে ডাকলেই ও বাড়ি থেকে এ ভাবে বেরিয়ে যেত। সে রকমই কোনও একটা ফোন এসেছিল শনিবার রাতে। রাত ১২টা নাগাদ মোটরবাইক নিয়ে ও বেরিয়ে যায়। গভীর রাতে ফোন পাই, ও গুলিবিদ্ধ হয়ে পড়ে রয়েছে। আমার বড় ছেলে দেবরাজ এবং স্বামীর এক বন্ধু ওকে তুলে বোলপুর মহকুমা হাসপাতালে যান। রাজনীতি করার জন্যই খুন হতে হলো ওঁকে।’ কান্নায় ভেঙে পড়ে তাঁর সংযোজন, ‘কতবার রাজনীতি ছেড়ে দিতে বলেছি। ও শোনেনি। শুনলে আজ এই সর্বনাশ হতো না।’ কেন রাজনীতির জন্য খুন হতে হলো, কারাই বা খুন করল— তা অবশ্য খোলসা করেননি তিনি। তাঁর জা সুলেখা ঘোষের কথায়, ‘অঞ্চল সভাপতির পদ থেকে সরিয়ে দেওয়ার জন্যই ওঁকে খুন করা হয়েছে। বছর খানেক আগেও বাড়ির দরজায় চিরকুট সাঁটানো হয়েছিল। তাতে লেখা ছিল, তুই বাড়ি থেকে বেরোবি না। বেরোলে বিপদ আছে। হুমকিও দেওয়া হতো।’ তবে কারা সেই চিরকুট সাঁটিয়ে দিয়ে গিয়েছিল, কারাই বা হুমকি দিত— তা তিনি স্পষ্ট করেননি।

পুলিশ সূত্রের খবর, যে জায়গায় পীযূষের দেহটি পড়েছিল, তার অদূরে একটি বাড়িতে থাকেন এক বিধবা তরুণী ও তাঁর মা। তাঁদের বাড়িতে মাঝেমধ্যে পীযূষের যাওয়া-আসা ছিল। তরুণীর মা পুলিশকে জানিয়েছেন, তাঁর মেয়ে পীযূষকে মামা বলে সম্বোধন করতেন। কিছু বিভিন্ন সরকারি প্রকল্পের সাহায্য চেয়ে অনুরোধও করেছিলেন পীযূষকে। শনিবার রাতেও ওই তরুণীর সঙ্গে পীযূষের ফোনে কথা হয়েছিল বলে পুলিশ জানতে পেরেছে। তরুণীর মা পুলিশকে জানিয়েছেন, পীযূষ তাঁদের বাড়িতেই এসেছিলেন রাতে। রাত ২টো নাগাদ সেখান থেকে বের হন। তারপরেই তাঁকে কেউ গুলি করে। পুলিশ সূত্রের খবর, তরুণী জানিয়েছেন, পীযূষকে তিনি ফোন করেননি। বরং পীযূষই তাঁকে ফোন করে রাতে বাড়িতে এসেছিলেন। তিনি সেখান থেকে বেরনোর পরে গুলি চলার মতো একটা শব্দ পান মা-মেয়ে। তখনই জানলা খুলে তাঁরা পীযূষকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন। ওই তরুণীই পীযূষের বাড়িতে ফোন করে খবর দেন। পুলিশের কাছে তাঁর দাবি, আততায়ী ছিল সম্ভবত একজনই। পীযূষের বেরনোর জন্যই যেন সে ওত পেতে ছিল। তবে অন্ধকারে তিনি আততায়ীকে চিনতে পারেননি।

পুলিশ জানিয়েছে, নিহত তৃণমূল নেতার মোবাইল ফোনটি উদ্ধার করা হয়েছে। তার কল রেকর্ড খতিয়ে দেখা হচ্ছে। পাশাপাশি ওই তরুণী ও তাঁর মাকে জিজ্ঞাসাবাদও করা হচ্ছে। তদন্তকারী অফিসাররা জানতে পেরেছেন, নিহত ব্যক্তি বালির ব্যবসার সঙ্গে যুক্ত ছিলেন। সেই ব্যবসায়িক কোনও দ্বন্দ্বের জেরে এই খুন কি না, তা-ও জানার চেষ্টা চলছে। স্থানীয়দের কাছ থেকে পুলিশ আরও একটি উল্লেখযোগ্য তথ্য জানতে পেরেছেন। তা হলো, গত বেশ কয়েকদিন ধরে নাকি ওই তরুণীর বাড়ির কাছাকাছি কাউকে সাদা কাপড় পরে রাতে ঘুরে বেড়াতে দেখা যেত। সেটা কি আততায়ী খুনের আগে ঘটনাস্থল রেকি করার জন্য ঘুরে বেড়াত, নাকি এর পিছনে অন্য কোনও রহস্য আছে, তা পুলিশ জানার চেষ্টা করছে। তবে সম্পর্কের টানাপড়েনের জন্য খুন কি না, সেই বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে। স্থানীয় তৃণমূল বিধায়ক অভিজিৎ সিংহ অবশ্য রাজনীতির প্রসঙ্গ এড়িয়ে গিয়ে বলেন, ‘পুরোটাই তদন্তসাপেক্ষ ব্যাপার। রাজনীতি আছে কী নেই, তা পুলিশি তদন্তের পরেই জানা যাবে। তবে প্রাথমিক ভাবে দুষ্কৃতীদের কাজ বলে ধরে নেওয়া যেতে পারে।’

আলফার উপরে সার্জিক্যাল স্ট্রাইক

▶ প্রথম পাতার পর

নিহত হয়েছেন বলে দাবি করেছে আলফা। তাদের দাবি, নয়নের শেষকৃত্য চলার সময়ে ওই ক্যাম্পেই মিসাইল হামলায় গণেশ ও প্রদীপ নিহত হন। এই হামলায় তাদের অন্তত ১৯ জন ক্যাডার আহত হয়েছেন বলে দাবি পরেশ বরুয়া নেতৃত্বাধীন এই সংগঠনের।

আলফার হয়ে এই বিবৃতি দু’টি দিয়েছেন আলফার স্বঘোষিত সেকেন্ড লেফটেন্যান্ট ঈশান অসম। তিনি বলেন, ‘নয়ন অসমের শেষকৃত্য হয়ে গিয়েছে। কিন্তু তাঁর শেষকৃত্য চলার সময়ে ওই ক্যাম্পেই মিসাইল হামলা করা হয়। তাতে গণেশ অসম এবং প্রদীপ অসম শহিদ হয়েছে। সংগঠনের বহু অফিসার, ক্যাডারের পাশাপাশি সাধারণ মানুষ এই হামলায় জখম হয়েছেন।’ সংগঠনের দাবি, এর যথাযথ প্রত্যুত্তর দেওয়া হবে।

আলফা সূত্রের দাবি, ভারত-মিয়ানমার সীমান্ত ঘেঁষা স্বশাসিত নাগা এলাকা লক্ষ্য করে এই অপারেশন চালানো হয়। আলফার অভিযোগ, এই অপারেশনে মিয়ানমারের সেনাও সাহায্য করেছে ভারতকে। যে ক্যাম্পগুলি টার্গেট করা হয়েছিল, তার মধ্যে হোয়াত বস্তিতে আলফার ইস্টার্ন কম্যান্ড হেডকোয়ার্টার্স (ইসিএইচকিউ) এবং ওয়াকথাম বস্তিতে ক্যাম্প ৭৭৯ রয়েছে। এ ছাড়া আরও দু’টি ক্যাম্পে হামলা চলে বলে দাবি আলফার।

গঙ্গায় তলিয়ে যাওয়া ৬ কিশোর উদ্ধার

এই সময়: আর একটু হলেই গঙ্গায় তলিয়ে যেত ছয় কিশোর। পুলিশে তৎপরতায় শেষমেশ প্রাণে বেঁচে গেল তারা। রবিবার দুপুর আড়াইটে নাগাদ বিচালি ঘাটে গঙ্গায় স্নান করতে গিয়েছিল ওই ছয় কিশোর। তখন হঠাৎ নদীতে জলোচ্ছ্বাস হওয়ায় তাদের মধ্যে একজন তলিয়ে যায়। তাকে উদ্ধার করতে ঝাঁপিয়ে পড়ে সঙ্গে আসা পাঁচ বন্ধু। ঘটনাটি দেখতে পেয়ে রিভার ট্র্যাফিক পুলিশ এবং পশ্চিম বন্দর থানার পুলিশকে খবর দেন স্থানীয় বাসিন্দারা। শেষ পর্যন্ত সকলকেই উদ্ধার করে পুলিশ। পরে তাদের পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

বিচালি ঘাট

পুলিশ সূত্রে খবর, বছর চোদ্দোর এক কিশোর প্রথমে তলিয়ে গিয়েছিল। তাঁকে নদী থেকে উদ্ধারের চেষ্টা করে পাঁচ বন্ধু। কিন্তু, জলোচ্ছ্বাসের কারণে তারা নদীতে তলিয়ে যেতে থাকে। ঘটনাটি দেখছে পেয়ে রিভার ট্র্যাফিক পুলিশে খবর দেন স্থানীয়রা। এক এএসআই-এর তৎপরতায় তাদের উদ্ধারে চেষ্টা শুরু হয়। উদ্ধার হওয়া কিশোরদের মধ্যে ১৪ থেকে ১৭ বছরের মধ্যে। সকলেই মেটিয়াবুরুজ এবং গার্ডেনরিচের বাসিন্দা। স্থানীয়দের বক্তব্য, একটি দেরি হলেই ভয়াবহ দুর্ঘটনা ঘটে যেত। পুলিশের তৎপরতায় এ যাত্রায় রক্ষা পেল ওই ছয় কিশোর।

তিন কোটির মাদক, ধৃত ৩

এই সময়: তিন কোটি টাকার মাদক-সহ রাজ্য পুলিশের এসটিএফের হাতে মালদা থেকে গ্রেপ্তার হলো তিন মাদক পাচারকারী। ধৃতদের নাম আব্দুল মাবউদ, মামুন আনসারি, মহম্মদ ইয়াসিন শেখ। ধৃতেরা মালদহের কালিয়াচকের বাসিন্দা। শনিবার মালদহের ফরাক্কার পিটিএস মোড়ে অভিযান চালায় এসটিএফ। সেখানে তল্লাশি করে গ্রেপ্তার করা হয় তিন অভিযুক্তকে। ৩.১ কেজি হেরোইন বাজেয়াপ্ত করেন গোয়েন্দারা। নর্থ ইস্টে ডিমাপুর থেকে ফরাক্কা থেকে আসছিল। যার আনুমানিক বাজার মূল্য ৩ কোটি টাকা। এই চক্রে আর কারা জড়িত তা জানার চেষ্টা করছে গোয়েন্দারা।

কলকাতায় তৈরি হবে বাঙ্কার বাস্টারও!

▶ প্রথম পাতার পর

বা বাঙ্কার বাস্টার বানাতে কেন কলকাতার দ্বারস্থ হলো?

জানা গিয়েছে, পশ্চিম এশিয়ায় যুদ্ধের আবহে গাজ়া, লেবানন, ইজ়রায়েল, ইরান-সহ বহু দেশ মিসাইল-ড্রোন হানা থেকে বাঁচতে বাঙ্কার তৈরি করছে। ফলে, যাদের কাছে সেই বাঙ্কার ভেদ করে আক্রমণের অস্ত্র থাকবে, তারা এগিয়ে থাকবে অনেকটাই। আমেরিকার দাবি, তাদের বাঙ্কার বাস্টার অনেকটাই ক্ষতি করেছে ইরানি পরমাণু সমৃদ্ধকরণ কেন্দ্র বা নিউক্লিয়ার এনরিচমেন্ট প্লান্টের।

প্রযুক্তির জন্য সারা বিশ্বে সমাদৃত ইজ়রায়েল। তবে, বাঙ্কার ভেদ করে আক্রমণ হানার জন্য বোমার শক্তিশালী খোল বানানোর কারিকুরি জানা নেই তাদের। তাই শক্ত খোলের খোঁজ করতে শুরু করে নেতানিয়াহু সরকার। উঠে আসে তিনটি দেশের কথা। ব্রাজ়িল, ইউকে এবং ভারত। সূত্রের দাবি, ইজ়রায়েল সেনা খোঁজ করে জানতে পারে, ভারতের কলকাতা শহরের ইছাপুরে থাকা এমএসএফ-ই নাকি এ কাজে সবচেয়ে পারদর্শী।

কূটনৈতিক পথে অর্ডন্যান্স ফ্যাক্টরির অধীনে এমএসএফ-এর সঙ্গে যোগাযোগ করে ইজ়রায়েল প্রথমে স্পেসিফিকেশন দিয়ে জানায়, কতটা শক্তিশালী খোল তারা চাইছে। সেই স্পেসিমেন খোল বানিয়ে রাখা হয়েছিল ইছাপুরে। ১৭ সেপ্টেম্বর এসে তা-ই পরীক্ষা করে যান ইজ়রায়েল সেনা অফিসারেরা।

বিশেষজ্ঞরা জানাচ্ছেন, ১৮৭২ থেকেই অত্যন্ত দক্ষতার সঙ্গে গোলা-গুলি, কামান, বন্দুকের খোল বানিয়ে আসছে এমএসএল। আগে তারা ছিল কাশীপুর গান অ্যান্ড শেল ফ্যাক্টরির অধীনে। ১৯২০ থেকে সরাসরি অর্ডন্যান্স ফ্যাক্টরির অধীনে চলে আসে এটি।

জগন্নাথের ঐতিহ্য ভাঙছে কারা?

▶ প্রথম পাতার পর

ইসকনেরও দাবি, তারা আইনি লড়াইয়ের জন্য তৈরি। পুরীর জগন্নাথ মন্দিরের প্রধান সেবায়েতের মর্যাদাপ্রাপ্ত দিব্যসিংহ এ দিন বলেন, ‘বছরের নানা সময়ে ইসকন-এর তরফে রথযাত্রা বা স্নানযাত্রা পালন করা হয়। ওরা দিঘার মন্দিরকে জগন্নাথ ধাম তকমা দিয়ে দিল। এ সব নিয়ে দুনিয়াজুড়ে জগন্নাথ ভক্তরা রীতিমতো উদ্বিগ্ন এবং চিন্তিত। এ সব আমাদের পবিত্র ধর্মগ্রন্থ এবং ঐতিহ্যের পরিপন্থী।’ তাঁর দাবি, ইসকন তাঁদের কথা শুনে শেষ পর্যন্ত ঐতিহ্য মেনে স্নানযাত্রা ও রথযাত্রা করতে রাজি হয়েছে। যদিও দিব্যসিংহের কথায়, ‘ভারতের বাইরে রথযাত্রার ক্ষেত্রে কিন্তু অসময়ে উৎসব পালন চলছে। আমরা মায়াপুর কর্তৃপক্ষের নজরে এটা এনেছি।’

তবে দিব্যসিংহের যাবতীয় দাবি খারিজ করে রাধারমণ দাস বলেন, ‘আগে পুরী আর বাংলার বাইরে রথযাত্রা হতো না। আমরা এসে রথযাত্রা প্রথমে গোটা দেশে, তার পরে গোটা পৃথিবীতে ছড়িয়ে দিই। এখন পৃথিবী জুড়ে চার হাজারের বেশি রথযাত্রা উৎসব করি আমরা। জগন্নাথকে আমরা ভক্তদের কাছে নিয়ে গিয়েছি।’ তাঁর পাল্টা যুক্তি, ‘পৃথিবীতে সর্বত্র দিন বা রাত একসময়ে হয়? ফলে এখানকার সময়ের সঙ্গে তো হেরফের ঘটবেই। এই ধরনের কথাবার্তা বলা তো ছেলেমানুষি!’

অন্য দিকে দিঘা কর্তৃপক্ষের দিকে আঙুল তুলে দিব্যসিংহ বলেছেন, ‘মায়াপুর কর্তৃপক্ষকে যথাযথ উদ্যোগ নিতে হবে। নইলে আমাদের অন্য রাস্তা দেখা ছাড়া উপায় নেই। জগন্নাথ-ট্র্যাডিশন বাঁচাতে আমরা যত দূর সম্ভব যাব। যে ভাবে দিঘায় জগন্নাথের ঐতিহ্য খর্ব করা হচ্ছে, তা আটকাতে হবে।’ দিব্যসিংহ বলেছেন, ‘পুরী, যোশী মঠ, বদ্রীনাথের শঙ্করাচার্যরা স্পষ্ট বলে দিয়েছেন, পুরীর জগন্নাথ মন্দির ছাড়া আর কোনও জায়গাকে জগন্নাথ ধাম বলা যাবে না। মুক্তি মণ্ডপ পণ্ডিত সভাও সে কথা জানিয়েছে। কিন্তু পুরীর রীতি, ঐতিহ্য এবং ট্র্যাডিশন ভুলে কী ভাবে দিঘার মন্দিরকে জগন্নাথ ধাম বলা হলো? ওঁরা তো কোনও রীতি, ঐতিহ্যই মানছেন না।’

পাল্টা জবাবে রাধারমণ এ বছরের রথযাত্রার প্রসঙ্গ তুলে আনেন — ‘এ বছর কী হলো? যখন আদানি এলেন, তখন রথের চাকা গড়াতে শুরু করল। দ্বিতীয়ত, পুরীতে নিয়ম রয়েছে, সূর্যাস্তের পরে রথের চাকা থামিয়ে দিতে হবে। আর ওঁরা রাত আটটার সময়ে বলভদ্র আর সুভদ্রার রথ নিয়ে গেলেন। এটা কেমন ঐতিহ্য রক্ষার নমুনা?’ তাঁর আরও বক্তব্য, ‘প্রথমত, আমরা শঙ্করাচার্যদের পথে চলি না। আমাদের পথ আলাদা। আর দ্বিতীয়ত, দিব্যসিংহ দেবের বাড়ির নামেই ধাম শব্দটা রয়েছে। আগে উনি ওটা সরান। তার পরে আলোচনা করা যাবে।’

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়ী হলেন পূর্ব মেদিনীপুর-এর এক বাসিন্দা

পশ্চিমবঙ্গ, পূর্ব মেদিনীপুর - এর একজন বাসিন্দা শেখ মুন্না - কে 30.04.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 57G 15678 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "এই জয় আমার পরিবারের জন্য আনন্দের অশ্রু এনে দিয়েছে। আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারিকে আন্তরিক ধন্যবাদ জানাই এই জীবন বদলে দেওয়া উপহারের জন্য। আমি আপনাদেরও নিজের ভাগ্য পরীক্ষা করার জন্য উৎসাহিত করছি। আমার মতো এই একটি ছোট্ট প্রচেষ্টা আপনাদেরও ভালো ভবিষ্যতের দরজা খুলে দিতে পারে।"

* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।

গার্ডেন রীচ শিপবিল্ডার্স এণ্ড ইঞ্জীনিয়র্স লিমিটেড

Garden Reach Shipbuilders & Engineers Limited

(भारत सरकार का उपक्रम / A Govt. of India Undertaking) रक्षा मंत्रालय / Ministry of Defence

Regd and Corp Office: GRSE BHAVAN, 61, Garden Reach Road, Kolkata - 700024

Web: www.grse.in, (CIN: L35111WB1934GOI007891)

অনলাইনে জমা দেওয়ার জন্য এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট (ইওআই)

ইওআই নং - জিআরএসই/বিডিএন্ডএম/ইওআই/২৫-২৬/০১/ইওআই-০৪২

বিষয়: ভারতের পশ্চিম উপকূলে একটি গ্রিনফিল্ড শিপইয়ার্ড স্থাপনের জন্য উপযুক্ত ফার্মের সাথে সহযোগিতা

জমা দেওয়ার শেষ তারিখ: প্রকাশের তারিখ থেকে ২১ দিন

১. বিস্তারিত তথ্য ই-প্রকিউরমেন্ট পোর্টাল https://eprocuregrse.co.in; সেন্ট্রাল পাবলিক প্রকিউরমেন্ট পোর্টাল https://eprocure.gov.in/cppp/ এবং জিআরএসই ওয়েবসাইট https://grse.in/tender-published-এ পাওয়া যাবে।

২. এই এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট (EOI)-এর সাথে তারিখ পরিবর্তন সহ যেকোন সংযোজন/সংশোধন, যদি থাকে, শুধুমাত্র উপরের ওয়েবসাইটগুলিতে প্রকাশ করা হবে।

"In pursuit of Excellence and Quality in Shipbuilding"

KOLKATA MUNICIPAL CORPORATION – e-TENDER

ABRIDGED NIT

The **Director General (U.S.), KMC** invites e-Tender online percentage rate two bid system for the following work:

NIT No.: KMC/DG(US)/Br-XII/108/015/25-26/UTTARAN

Name of the work: **Improvement of C.C. roads at slum area of Chowbagha Charaktala near H/o- Babulal Sharma, Swapan Das etc. in Ward No.-108.** Estimated cost: ₹ **6,33,656.92**. Earnest Money: ₹ **13,000.00.** Period of Completion: **75 days.** Last date and time of submission of Bid: **23.07.2025 – 12 Noon.** Date and Time of opening of Bid: **25.07.2025 – 1 p.m.** The bid forms and other details are available on and from **11.07.2025 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Director General (Parks & Squares), KMC** invites quotation online percentage rate two bid system for the following work:

NIT No.: KMC/DG_PS/III/33/3/25-26 (1st Call)

Name of the work: **Repair and renovation of 65 Badan Roy Lane Children Park and adjacent road side Garden in Ward No.-33, Br.-III.** Estimated cost: ₹ **6,15,520.36.** Earnest Money: ₹ **12,400.00.** Period of Completion: **45 days.** Last date and time of submission of Bid: **24.07.2025 – 1 p.m.** The bid forms and other details shall be available on and from **16.07.2025 (10 a.m.)** from the website **https://etender.wb.nic.in** (639/25-26)

NOTICE

I Sonali Naskar w/o Sanjay Naskar of Sonamukhi Das Para Road, po- Sarsuna, ps- Thakurpukur, Kol-700061, had purchased a land/property, schedule stated below, from Power of Attorney Holder Rabindra Nath Mondal, Dinesh kr. Mondal, Ganesh Mondal, POA No-VI-0292/2012, Deed No-01851/2013. If anybody has any objection on mutation of said land/property, please inform office of BL & LRO, Kolkata Block, KMC Building, Room 328, 5, S N Banerjee Road, Kolkata-13, in writing or over email- blilroatm@gmail.com within one month from the date of this advertisement. Land Schedule- Mouza- Sarsuna, JL-117, Plot No-2153.

জমি ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি

[illegible]

সায়ন্তন দত্ত, অ্যাডভোকেট

ফোন নং- ৯৮৩০০৩৩৫৫৫

SREI

শ্রেয়ী ইকুইপমেন্ট ফিন্যান্স লিমিটেড

সিআইএন: U70101WB2006PLC109898

ওয়েবসাইট: www.srei.com; ই-মেল: sefl@srei.com

নিবন্ধিত কার্যালয়: "বিশ্বকর্মা", ৮৬সি, তপসিয়া রোড (দক্ষিণ), কলকাতা- ৭০০০৪৬

প্রধান কার্যালয়: প্লট নং ওয়াই-১০, ব্লক ইপি, সেক্টর-৫, সল্ট লেক সিটি, কলকাতা- ৭০০০৯১

দখলের বিজ্ঞপ্তি

(স্থাবর সম্পত্তির জন্য)

[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর বিধি ৮(১) তৎসহ পঠিত পরিশিষ্ট ৪]

যেহেতু,

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ("অ্যাক্ট")- এর ধারা ১৩(১২) এবং তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) নিয়মাবলী, ২০০২ ("বিধি")- এর নিয়ম ৩ থেকে পাওয়া ক্ষমতা অনুসারে নিম্নস্বাক্ষরকারী **শ্রেয়ী ইকুইপমেন্ট ফিন্যান্স লিমিটেডের ("শ্রেয়ী")** অনুমোদিত আধিকারিক, ১৮ মার্চ, ২০২৫ তারিখে নিম্নলিখিতদের নামে একটি দাবির বিজ্ঞপ্তি জারি করেছিলেন, ঋণগ্রহীতাগণ হলেন, **ইউনাইটেড এশিয়ান ট্রেডার্স লিমিটেড, ঠিকানা: ৫বি, নন্দলাল বসু সরণি, কলকাতা- ৭০০ ০৭১** যাঁদের বিজ্ঞপ্তিতে উল্লেখিত বকেয়া ২৬৫,৪৮,৯৭,৩৭২ টাকা (দুশো পঁয়ষট্টি কোটি আটচল্লিশ লক্ষ সাতানব্বই হাজার তিনশো বাহাত্তর টাকা মাত্র) ১৫ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত সঙ্গে সম্পূর্ণ অর্থ প্রদান বা আদায় না হওয়া পর্যন্ত লাগু হওয়া পরবর্তী সুদ, ব্যয়, খরচ এবং অন্যান্য টাকা, উল্লেখিত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধের জন্য বলা হয়েছিল।

ঋণগ্রহীতা সেই অর্থ পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন, এতদ্বারা ঋণগ্রহীতা এবং/বা বন্ধকদাতা এবং/বা জামিনদাতাকে নির্দিষ্ট করে এবং সঙ্গে সাধারণ জনগণকেও জানানো হচ্ছে যে নিম্নস্বাক্ষরকারী উক্ত সম্পত্তির দখল নিয়েছেন (যেটি নিম্নে বর্ণিত এবং ঋণগ্রহীতা/বন্ধকদাতা/জামিনদাতার নামে রয়েছে) ১০ জুলাই ২০২৫ তারিখে।

ঋণগ্রহীতা এবং/বা বন্ধকদাতাকে নির্দিষ্ট করে এবং সঙ্গে জনসাধারণকেও উক্ত সম্পত্তি সংক্রান্ত কোনও রকম কারবার না করার পরামর্শ দেওয়া হচ্ছে এবং সম্পত্তির সাথে যে কোনও লেনদেন শ্রেয়ী-র পাওনা ২৬৫,৪৮,৯৭,৩৭২ টাকা (দুশো পঁয়ষট্টি কোটি আটচল্লিশ লক্ষ সাতানব্বই হাজার তিনশো বাহাত্তর টাকা মাত্র) ১৫ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত সঙ্গে লাগু হওয়া পরবর্তী সুদ, ব্যয়, চার্জ এবং অন্যান্য খরচের সাপেক্ষে ধরা হবে।

উক্ত অ্যাক্টের ধারা ১৩-এর উপ-ধারা (৮) অনুযায়ী ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে যে নির্দিষ্ট সময়ের মধ্যে শ্রেয়ী-র উল্লেখিত বকেয়া মিটিয়ে সুরক্ষিত সম্পত্তি পুনরুদ্ধার করা যেতে পারে।

মালিকের নাম- ইউনাইটেড এশিয়ান ট্রেডার্স লিমিটেড

বন্ধকে থাকা সম্পত্তির বিবরণ

জমির সমস্ত অংশের পরিমাপ ২ (দুই) বিঘা ৯ (নয়) কাঠা ৮ (আট) ছটাক এবং ৯ (নয়) বর্গফুট যার প্রেমিসেস নং ১২, কুইন্স পার্ক, বালিগঞ্জ, কলকাতা- ৭০০০১৯ একই সঙ্গে সেখানে থাকা সমস্ত কাঠামো এবং সম্পত্তির সঙ্গে সংযুক্ত যা কিছু বা সম্পত্তির সঙ্গে স্থায়ীভাবে যে কোনও জিনিস, বর্তমান এবং ভবিষ্যতের উভয়ই এবং কমন এরিয়া এবং সুযোগ-সুবিধা এবং এর সঙ্গে সংযুক্ত আনুষঙ্গিক জিনিসপত্র ব্যবহারের অধিকার একই সঙ্গে বর্তমান এবং ভবিষ্যতে বিক্রয়যোগ্য এবং নির্মিত সমস্ত এলাকা, একই সঙ্গে উক্ত জমির সঙ্গে থাকা যা কিছু বর্তমান এবং ভবিষ্যতের সুবিধা সঙ্গে গাছ, বেড়া, ঘেরা স্থান, পরিখা পথ, নিকাশি নালা, নর্দমা, জল, জলধারা, স্বাধীনতা, স্বাচ্ছন্দ্য, সুযোগ-সুবিধার অধিকার এবং উত্তরাধিকারসূত্রে বা প্রেমিসেসে বা বর্তমান বা ভবিষ্যতে বিদ্যমান এর যে কোনও অংশের সাথে সম্পর্কিত বা যে কোনওভাবে সংযুক্ত বা অধিকৃত, দখলকৃত বা ভোগ করা বা এর সাথে সম্পর্কিত বা প্রত্যাশিত এবং সমস্ত সম্পত্তির, সম্পূর্ণ অধিকার, স্বত্ব, স্বার্থ, সম্পত্তি, দাবি এবং চাহিদা।

তারিখ: ১০.০৭.২০২৫
স্থান: কলকাতা, পশ্চিমবঙ্গ

অনুমোদিত আধিকারিক
শ্রেয়ী ইকুইপমেন্ট ফিন্যান্স লিমিটেড

EIH Limited

A MEMBER OF THE OBEROI GROUP

নথিবদ্ধ কার্যালয়: এন-৮০৬-এ, নবম তল, ডায়মন্ড হেরিটেজ বিল্ডিং, ১৬, স্ট্যান্ড রোড, ফেয়ারলি প্লেস, কলকাতা- ৭০০০০১, পশ্চিমবঙ্গ

দূরভাষ: +৯১-৩৩-২২৪৮৬৭৫১

কর্পোরেট অফিস: ৭, শামনাথ মার্গ, দিল্লি- ১১০০৫৪

দূরভাষ: ৯১-১১-২৩৮৯ ০৫০৫

ওয়েবসাইট: www.eihltd.com, ই-মেল: isdho@oberoigroup.com

CIN: L55101WB1949PLC017981

৭৫তম বার্ষিক সাধারণ সভা, ই-ভোটিং, দূরবর্তী ই-ভোটিং এবং নথিবদ্ধ তারিখের বিজ্ঞপ্তি

কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় এবং সিকিউরিটিজ এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া কর্তৃক জারি করা বিভিন্ন সার্কুলার এবং কোম্পানি আইন, ২০১৩ (‘আইন’), সেবি (লিস্টিং অবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) প্রবিধান, ২০১৫ (‘লিস্টিং রেগুলেশনস’)-এর অন্যান্য বিধান মেনে ইআইএইচ লিমিটেড (‘উক্ত কোম্পানি’)-এর ৭৫তম বার্ষিক সাধারণ সভা (‘এজিএম’) বুধবার, ০৬ অগস্ট ২০২৪ তারিখে সকাল ১১:৩০ টায় ভিডিও কনফারেন্সিং / অন্যান্য অডিও ভিজুয়াল মিনস (‘ভিসি/ওএভিএম’) সুবিধার মাধ্যমে অনুষ্ঠিত হবে।

ই-মেলের মাধ্যমে বার্ষিক প্রতিবেদন এবং এজিএম বিজ্ঞপ্তি প্রেরণ

এতদ্বারা শেয়ারহোল্ডারদের জানানো হচ্ছে যে, সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস লিমিটেড (‘সিডিএসএল’) কোম্পানির পক্ষ থেকে এবং তাদের তরফে, ২০২৪-২৫ অর্থবর্ষের বার্ষিক প্রতিবেদন একই সঙ্গে এজিএম-এর বিজ্ঞপ্তি শনিবার, ১২ জুলাই, ২০২৫ তারিখে ই-মেলের মাধ্যমে সেই সকল শেয়ারহোল্ডারদের পাঠানো হয়েছে যাঁদের ই-মেল অ্যাড্রেস কোম্পানি/ডিপোজিটরিতে নিবন্ধিত এবং শুক্রবার, ৪ জুলাই, ২০২৫ তারিখ পর্যন্ত ডিপোজিটরি দ্বারা রক্ষিত কোম্পানির সদস্য/লাভজনক মালিকগণের রেজিস্টারে যাঁদের নাম রয়েছে। এছাড়াও, সেবি (লিস্টিং অবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) প্রবিধান, ২০১৫ এর প্রবিধান ৩৬(১) (বি) অনুসারে, কোম্পানি সেই সদস্যদের কাছেও চিঠি পাঠিয়েছে যাঁদের ই-মেল অ্যাড্রেস কোম্পানি/আরটিএ/ডিপি-তে নিবন্ধিত নয়, সেখানে ওয়েবলিঙ্ক দেওয়া রয়েছে যেখানে ২০২৪-২৫ অর্থবর্ষের বার্ষিক প্রতিবেদন দেখা যেতে পারে। বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদনটি কোম্পানির ওয়েবসাইট https://www.eihltd.com/investors/annual-reports, স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ www.nseindia.com, www.bseindia.com এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস লিমিটেড (সিডিএসএল)-এর ওয়েবসাইট www.evotingindia.com-এ পাওয়া যাবে।

ই-ভোটিং এর বিস্তারিত তথ্য এবং পদ্ধতি

- দূরবর্তী ই-ভোটিং রবিবার, ০৩ অগস্ট ২০২৫ সকাল ১০:০০ টায় শুরু হবে এবং মঙ্গলবার, ০৫ অগস্ট ২০২৫ বিকেল ৫:০০ টায় শেষ হবে। দূরবর্তী ই-ভোটিং সুবিধাটি উল্লেখিত তারিখ এবং সময়ের পরে অনুমোদিত হবে না। এজিএম-এর আগে দূরবর্তী ই-ভোটিং এর মাধ্যমে ভোটদানকারী সদস্যরা সভায় যোগ দিতে পারবেন তবে পুনরায় ভোটদানের অধিকারী হবেন না।
- ডিম্যাটেরিয়ালাইজড মোডে বা বাস্তবিক ভাবে শেয়ারধারণকারী বা যাঁরা তাঁদের ই-মেল অ্যাড্রেস নিবন্ধন করেননি, তাঁদের জন্য ভিসি/ওএভিএম এর মাধ্যমে এজিএম- এ অংশগ্রহণের নির্দেশাবলী এবং এজিএম চলাকালীন দূরবর্তী ই-ভোটিং বা ই-ভোটিং পদ্ধতি, এজিএম বিজ্ঞপ্তিতে দেওয়া হয়েছে। সদস্য কর্তৃক কোনও প্রস্তাবের উপর ভোট দেওয়ার পরে, তিনি পরবর্তীতে এটি পরিবর্তন করতে বা পুনরায় ভোট দিতে পারবেন না।

ই-মেল অ্যাড্রেস নিবন্ধন / আপডেট করার পদ্ধতি

- যে সব শেয়ারহোল্ডারগণ বাস্তবিক ভাবে শেয়ার ধারণ করেছেন এবং কোম্পানির সাথে তাঁদের ই-মেল অ্যাড্রেস নিবন্ধন /আপডেট করেননি, তাঁরা কোম্পানির ওয়েবসাইট https://www.eihltd.com/investors/investor-services-and-contact/-এ উপলব্ধ ফর্ম আইএসআর-১ যথাযথভাবে পূরণ এবং স্বাক্ষর করে কোম্পানির আরটিএ-র মাধ্যমে নিবন্ধন /আপডেট করতে পারবেন, এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, ঠিকানা নোবেল হাইটস, দ্বিতীয় তল, প্লট নং এনএইচ-২ এলএসসি, সি-১, ব্লক, সাবিত্রী মার্কেট জনকপুরী, নিউ দিল্লি- ১১০০৫৮ বা কোম্পানির ঠিকানা ৭, শাম নাথ মার্গ, দিল্লি- ১১০০৫৪।
- যে সব শেয়ারহোল্ডারগণ ডিম্যাটেরিয়ালাইজড মোডে শেয়ার ধারণ করে আছেন তাঁরা ডিপোজিটরি অংশগ্রহণকারীর সাথে যোগাযোগ করে/লিখে তাঁদের ই-মেল অ্যাড্রেস নিবন্ধন/আপডেট করতে পারবেন।

ই-ভোটিং এর জন্য লভ্যাংশের নথিবদ্ধ তারিখ এবং কাট-অফ তারিখ

লভ্যাংশ প্রদানের রেকর্ড তারিখ এবং ই-ভোটিংয়ের জন্য প্রাপ্যতা নির্ধারণের কাট-অফ তারিখ হল বুধবার, ৩০ জুলাই ২০২৫। কাট-অফ তারিখে কোম্পানি/ডিপোজিটরি কর্তৃক রক্ষিত সদস্যদের নিবন্ধন বা সুবিধাভোগী মালিকগণের নাম নিবন্ধন থাকা ব্যক্তিরা কেবল এজিএম-এ যোগদানের অধিকারী হবেন, দূরবর্তী ই-ভোটিং এবং এজিএম ই-ভোটিংয়ের সুবিধা গ্রহণ করতে পারবেন।

কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর্স ২ টাকা অভিহিত মূল্যের প্রতিটি ইক্যুইটি শেয়ারের জন্য ১.৫০ টাকা (এক টাকা এবং পঞ্চাশ পয়সা মাত্র) চূড়ান্ত লভ্যাংশ সুপারিশ করেছে। আসন্ন এজিএম-এ সদস্যদের দ্বারা অনুমোদিত হলে, চূড়ান্ত লভ্যাংশ ৩১শে অগস্ট ২০২৫ সালের মধ্যে প্রদান করা হবে। এছাড়াও, ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১-এর প্রাসঙ্গিক বিধানের অধীনে লভ্যাংশ প্রদানের উৎসের উপর কর কেটে নেওয়ার বিষয়ে শেয়ারহোল্ডারগণ আমাদের প্রেরিত ৬ জুন ২০২৫ তারিখের ই-মেলটি দেখুন। ৩১ মার্চ ২০২৫ তারিখে সমাপ্ত অর্থবর্ষের প্রদত্ত লভ্যাংশের উপর টিডিএস থেকে অব্যাহতি দাবি করার জন্য অনুগ্রহ করে প্রয়োজনীয় নথি/তথ্য সরবরাহ করুন ৩১ জুলাই ২০২৫ তারিখে বা তার আগে।

শেয়ার প্রেরণের পরে অধিগ্রহণ

যে ব্যক্তি এজিএম বিজ্ঞপ্তি প্রেরণের পরে শেয়ার কিনে কোম্পানির সদস্য হয়েছেন এবং কাট-অফ তারিখ অর্থাৎ বুধবার, ৩০ জুলাই ২০২৫ তারিখে শেয়ার ধারণ করেন, তিনি helpdesk.evoting@cdslindia.com এই ঠিকানায় ফোলিও নং/ডিপি আইডি এবং ক্লায়েন্ট আইডি উল্লেখ করে একটি ই-মেল পাঠিয়ে লগইন আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন। তবে, যদি আপনি ইতিমধ্যেই দূরবর্তী ই-ভোটিংয়ের জন্য এনএসডিএল-এ নিবন্ধিত হন, তাহলে আপনি ভোট দেওয়ার জন্য বিদ্যমান ব্যবহারকারী আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করতে পারবেন।

প্রশ্ন ও অভিযোগ

ই-মেল এবং ই-ভোটিং এর মাধ্যমে বার্ষিক প্রতিবেদন এবং এজিএম বিজ্ঞপ্তি না পাওয়া সম্পর্কে কোনও প্রশ্ন/অভিযোগের ক্ষেত্রে, সদস্যরা যোগাযোগ করুন: মিঃ রাকেশ ডালভি, সিনিয়র ম্যানেজার, (সিডিএসএল) সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, এ উইং, ছাব্বিশ তলা, ম্যারাথন ফিউচারেক্স, মফতলাল মিল কম্পাউন্ডস, এন এম যোশী মার্গ, লোয়ার প্যারেল (ইস্ট), মুম্বই- ৪০০০১৩ বা helpdesk.evoting@cdslindia.com এ ই-মেল পাঠাতে পারেন বা টোল ফ্রি নম্বর ১৮০০ ২১ ০৯৯১১-এ কল করতে পারেন বা isdho@oberoigroup.com-এ কোম্পানিকে ই-মেল করতে পারেন।

তারিখ: ১২ জুলাই, ২০২৫
স্থান: দিল্লি

ইআইএইচ লিমিটেডের পক্ষে
ললিত কুমার শর্মা
কোম্পানি সেক্রেটারি